# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৫৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫২. ঈদুল ফিত্বর ও ঈদুল আযহার সালাতের ক্বিরাআত

باب مَا يُقْرَأُ فِي الأَضْحَى وَالْفِطْرِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ ضَمْرَةَ بْنِ سَعِيدٍ الْمَازِنِيِّ، عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ، أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، سَأَلَ أَبَا وَاقِدٍ اللَّيْثِيَّ مَاذَا كَانَ يَقْرَأُ بِهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي الأَضْحَى وَالْفِطْرِ قَالَ كَانَ يَقْرَأُ فِيهِمَا ‏(‏ ق وَالْقُرْآنِ الْمَجِيدِ ‏)‏ وَ ‏(‏اقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ‏)‏ ‏.‏

ـ صحيح : م

বাংলা

১১৫৪। ’উবাইদুল্লাহ ইবনু ’আবদুল্লাহ ইবনু ’উতবাহ ইবনু মাস’উদ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা ’উমার ইবনুল খাত্তাব (রাঃ) আবূ ওয়াক্বিদ আল-লাইসী (রাঃ) কে জিজ্ঞেস করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিত্বর ও ঈদুল আযহার সালাতে কোন সূরাহ পাঠ করতেন? তিনি বলেন, তিনি সূরাহ ’কাফ্ ওয়াল-কুরআনিল মাজীদ’ এবং সুরাহ ’ইক্তারাবাতিস সা’আতু ওয়ান্-শাক্কাল কামারু’ তিলাওয়াত করতেন।[1]

সহীহ : মুসলিম।

## English

'Ubaid Allah b. 'Abd Allah b. 'Utbah b. Mas'ud said:
'Umar b. al-Khattab asked Abu Waqid al-Laithi: What did the Messenger of Allah (ﷺ) recite during the prayer on the day of sacrifice and on the breaking of the fast ? He replied: He recited at both of them Surah al-Qaf, "By the Glorious Quran" [50] and the Surah "The Hour is nigh" (54).

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদের সালাতের ক্বিরাআত), নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, হাঃ ১৫৬৬), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ দুই ঈদের সালাতে ক্বিরাআত, হাঃ ৫৩৪, ইমাম তিরমিযী বলেন, এই হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ ঈদের সালাতের ক্বিরাআত, হাঃ ১২৮২), আহমাদ (৫/২১৭) সকলে যামরাহ ইবনু সাঈদ ইবনু 'আবদুল্লাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু আবদুল্লাহ ইবন 'উতবাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন